গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ১৭ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি.

# প্রেস বিজ্ঞপ্তি

১৭-০২-২০২৬ তারিখ জনাব সিরাজুম মুনীরা কায়ছান, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে রিগার্ড ক্যামিকেল ওয়ার্কস, ৩, বংশাল, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনাকালে কারখানাটিতে অত্যন্ত নোংরা ও অপরিষ্কার পরিবেশে কেওড়াজল ও গোলাপজল উৎপাদন করতে দেখা যায়; কেওড়াজল ও গোলাপজল উতপাদনে ময়লা ড্রামে মজুদকৃত ক্যামিকেল বা এক ধরনের লিক্যুইড ব্যবহার করতে দেখা যায় যেটির গাত্রে কোন লেবেল সংযোজন ছিলো না; এছাড়াও কোন প্রকার বাধ্যতামূলক নিবন্ধন সনদ প্রদর্শন করতে পারে নি। এসকল অপরাধে দোষ স্বীকারোক্তির ভিত্তিতে নিরাপদখাদ্য আইন, ২০১৩ অনুযায়ী ২,০০,০০০/- অর্থদন্ড করা হয় এবং তাৎক্ষনিকভাবে আদায় করা হয়। উল্লেখ্য, পরবর্তী নির্দেশনা না দেয়া অবধি কোন প্রকার কেওড়াজল ও গোলাপজল উৎপাদন করতে নিষেধ করার পাশাপাশি একটি মুচলেকা নেয়া হয়।

অভিযানকালে জনাব মো: আসলাম ভূইয়া, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।

২৭-০২-২০২৬

বি. এম রুহুল আমিন রিমন
উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

**বিতরণঃ**

১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৭। অফিস কপি।